JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো অঙ্গরাজ্যের সব নার্সিং হোমে বসবাসরত দ্বিতীয় বিশ্বযুদ্ধের যোদ্ধাদের সেবা স্মরণ করে ডি-ডে'র 75 তম বার্ষিকীতে শ্রদ্ধা জ্ঞাপন করেন

6ই জুন 2019 তারিখে নিউইয়র্কের পক্ষে "দ্বিতীয় বিশ্বযুদ্ধের সামরিক সেবা দিবসের প্রতি অভিবাদন" ঘোষণা করেন

অঙ্গরাজ্যের সব নার্সিং হোমে বসবাসরত দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রত্যেক যোদ্ধা ডি-ডে স্মরণ করে গভর্নরের ঘোষণাপত্র প্রাপ্ত হবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউইয়র্ক অঙ্গরাজ্যের পাঁচটি ভেটেরান্স হোমে (New York State's Veterans' Homes) বসবাসকারী দ্বিতীয় বিশ্বযুদ্ধের যোদ্ধা এবং তাদের পরিবারবর্গের সামরিক কাজের স্মরণে বিশেষ দিন ঘোষণা করেন। ডি-ডে এবং সামরিক ইতিহাসের বৃহত্তম উভগামী অপারেশন, অপারেশন ওভারলর্ড (OPERATION OVERLORD) এর 75 তম বার্ষিকীর প্রতি শ্রদ্ধা নিবেদন ও স্বীকৃতি জ্ঞাপন স্বরূপ গভর্নর 6ই জুন, 2019 তারিখকে নিউইয়র্ক জুড়ে "দ্বিতীয় বিশ্বযুদ্ধের সামরিক সেবা দিবসের প্রতি অভিবাদন" হিসেবে ঘোষণা করেছেন।

"ডি-ডে এর 75 তম বার্ষিকী উপলক্ষে আমি আমাদের সব যোদ্ধা এবং তাদের পরিবারবর্গকে আমাদের স্বাধীনতা রক্ষায় তাদের আত্মত্যাগ ও সেবার জন্য আন্তরিক ধন্যবাদ জানাতে চাই", **গভর্নর কুওমো বলেন।** "ডি-ডে-তে নিজেদের সব কিছু ঝুঁকিতে ফেলে 160,000 আমেরিকান ও মিত্র সেনা নরম্যান্ডির সৈকতে অবতরণ করে যুদ্ধের ধারা ও ইতিহাসের গতি চিরতরে বদলে দেয়ায় সাহসী সামরিক সদস্যদের প্রতি সম্মান জানাতে আমি সব নিউইয়র্কবাসীকে আমার সাথে যোগ দেয়ার আহ্বান জানাই। যাদের আমরা হারিয়েছি এবং যারা এটিকে নিজ আবাসে পরিণত করেছিলেন সেসব যোদ্ধা, আপনাদেরকে ধন্যবাদ। আমরা আপনাদের প্রতি কৃতজ্ঞতার ঋণে আবদ্ধ যা কখনোই পরিশোধ করা যাবে না।"

"আমরা এমন এক দিনকে সম্মান করি যা সভ্যতার পথ পরিবর্তন করেছে এবং সারা অঙ্গরাজ্য জুড়ে আমাদের দ্বিতীয় বিশ্বযুদ্ধের যোদ্ধাদেরকে অভিবাদন জানাই", **বলেন লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হকুল, যিনি মন্ট্রোসে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ভেটেরান্স হোমে আজ বক্তৃতা করেন।** "আমরা ডি-ডে'র 75 তম বার্ষিকী উপলক্ষ্যে আপনাকে ধন্যবাদ জানাই এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণকারী এবং কখন ঘরে ফিরবে তা না জেনেই নরম্যান্ডির সৈকতে অবতরণকারী 900,000 এরও বেশি নিউইয়র্কবাসীর প্রতি শ্রদ্ধা জানাই। আমরা আমাদের সামরিক সদস্যদের সাহসকে স্বীকৃতি প্রদান করি যা আমাদেরকে এই গ্রহের সর্বশ্রেষ্ঠ সামরিক শক্তি হিসাবে গড়ে তুলেছে। আমাদেরকে অবশ্যই

আমাদের সর্বশ্রেষ্ঠ প্রজন্মের উত্তরাধিকারের কাছ থেকে শিখতে হবে এবং তারা যে দায়িত্ব ও ত্যাগের উদাহরণ তৈরি করেছেন তা দায়িত্ব হিসাবে গ্রহণ করতে হবে।"

লেফটেন্যান্ট গভর্নর হকুল আজ নিউ উইন্ডসরের পার্পল হার্ট মিউজিয়ামে দ্বিতীয় বিশ্বযুদ্ধের যোদ্ধাদের প্রতি শ্রদ্ধাও নিবেদন করেন।

বিশ্বযুদ্ধের যোদ্ধা এবং তাদের পরিবারবর্গের প্রতি সম্মান প্রদর্শনের জন্য নিউইয়র্ক স্বাস্থ্য বিভাগ (Department of Health), নিউইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York) এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যের সামরিক ও নৌবাহিনী সম্পর্কিত বিভাগের (Division of Military and Naval Affairs) সঙ্গে সমন্বয়ক্রমে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ভেটেরান্স সার্ভিসেস বিভাগ (State Division of Veterans' Services) 6ই জুন, 2019 তারিখ সকাল 10:00 টায় পাঁচটি স্থানে স্মারক অনুষ্ঠানের আয়োজন করে। অঙ্গরাজ্যের প্রতিটি ভেটেরান্স হোমে বসবাসকারী দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রত্যেক যোদ্ধা আমেরিকার ইতিহাসে এই বিশেষ দিনকে স্মরণ করে গভর্নরের ঘোষণা-পত্র লাভ করেন এবং নির্বাচিত কিছু সংখ্যক যোদ্ধাকে 6ই জুন 1944 তারিখে নরম্যান্ডি অভিযান এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণের জন্য নিউইয়র্ক অঙ্গরাজ্যের পদক উপহার দেওয়া হয়। উপরন্তু, অঙ্গরাজ্যের ভেটেরান্স হোমে বসবাসকারী দ্বিতীয় বিশ্বযুদ্ধের সব যোদ্ধা তাদের সেবার জন্য কৃতজ্ঞতার নিদর্শনস্বরূপ নিউইয়র্ক অঙ্গরাজ্যের ভেটেরান্স সার্ভিসের পরিচালকের কাছ থেকে একটি চিঠি পেয়েছেন।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের ভেটেরান্স সার্ভিসের পরিচালক জিম ম্যাকডোনা বলেন, "আজকের ডি-ডে স্মারক অনুষ্ঠানের 75 তম বার্ষিকী আমাদের দ্বিতীয় বিশ্বযুদ্ধের জীবিত যোদ্ধা এবং তাদের পরিবারবর্গের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে সময় এটাই হয়তো মনে হয়েছিল যে, বিশ্ব আমেরিকার যুবক সেনাদের কাঁধে ভর করছে। আমরা যেমনটা জানি তাহল, এর পরিবর্তে আমেরিকার যুবকদের কাঁধে বিশ্বের স্বাধীনতা নিশ্চিত করার বিশাল দায়িত্ব অর্পিত হয়েছে। আমি আনন্দিত যে নিউইয়র্ক আজ আমাদের মত আমাদের সর্বশ্রেষ্ঠ প্রজন্মকে স্বীকৃতি প্রদান এবং তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকার বলেন, "দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক সদস্যরা ঝুঁকিতে ছিলেন এবং অনেক ক্ষেত্রেই আমাদের স্বাধীনতা রক্ষা করার জন্য তাদের জীবন উৎসর্গ করেছেন, এবং এখন ডি-ডে'র 75 বছর পর বীরত্ব অনুযায়ী তাদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন নিশ্চিত করা আমাদের কর্তব্য। সমস্ত নীতির মধ্যে স্বাস্থ্য (Health Across All Policies), বয়স-বান্ধব নিউইয়র্ক (Age-Friendly New York), এবং অঙ্গরাজ্যের চারটি ভেটেরান্স হোমে সহায়ক এবং বোধগম্য পরিবেশে বিভাগের অত্যাধুনিক, উচ্চমানের পরিচর্যা প্রদানকারী কার্যক্রমের মাধ্যমে গভর্নর কুওমো নিশ্চিত করছেন যে, এই যে সর্বশ্রেষ্ঠ প্রজন্মের যে সম্পদ রয়েছে তাতে তাদের সুবর্ণ বছর জুড়ে কমিউনিটির সক্রিয় সদস্য থাকা প্রয়োজন।"

নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office for the Aging) এর বয়োবৃদ্ধি সম্পর্কিত ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "ডি-ডে সময়কালে এবং পুরো বিশ্বযুদ্ধের সময় বিশ্ব জুড়ে আমাদের স্বাধীনতা ও মূল্যবোধ রক্ষা করায় জীবনের ঝুঁকি গ্রহণকারী সাহসী সামরিক সদস্যদের প্রতি

নিউইয়র্ক অঙ্গরাজ্যের বয়োবৃদ্ধি সম্পর্কিত অফিস (New York State Office for the Aging) গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছে। আমাদের জীবনযাত্রার প্রতিরক্ষায় তাদের আত্মত্যাগের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাই এবং যারা নিজেদের জীবন উৎসর্গ করেছেন তাদের প্রতি সম্মান প্রদর্শন করি। আমাদের বয়োজ্যেষ্ঠ যোদ্ধারা সেই প্রজন্মের সদস্য যারা আমাদের দেশকে বিশ্বের সর্বশ্রেষ্ঠ হতে সহায়তা করেছেন এবং গভর্নর কুওমোর নেতৃত্বে নিউইয়র্ক অঙ্গরাজ্য দেশের প্রথম বয়স-বান্ধব অঙ্গরাজ্য হিসাবে আমাদের বয়োজ্যেষ্ঠ যোদ্ধাদের সুস্থ থাকতে এবং তাদের দেশে ও পছন্দসই কমিউনিটিতে সম্পৃক্ত থাকতে প্রয়োজনীয় কমিউনিটি সম্পদে তাদের অ্যাক্সেস নিশ্চিত করায় প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

লং আইল্যান্ড স্টেট ভেটেরান্স হোম এর নির্বাহী পরিচালক ফ্রেড এসগঙ্গা (Fred Sganga) বলেন, "গত সাতাশ বছর ধরে স্টোনি ব্রুক বিশ্ববিদ্যালয়ের (Stony Brook University) লং আইল্যান্ড স্টেট ভেটেরান্স হোম এই বিশেষ প্রজন্মের যোদ্ধাদের পরিচর্যা করে সম্মানিত বোধ করেছে ও এটাকে বিশেষ অধিকার হিসাবে গণ্য করেছে। আমরা এত সেনা, নাবিক, মেরিন এবং বিমান সেনার সেবা এবং নিঃস্বার্থ ত্যাগের কথা কখনো ভুলব না। আজ আমরা দ্বিতীয় বিশ্বযুদ্ধের আমাদের সব যোদ্ধাকে পঁচাত্তর বছর আগে বিশ্বকে আরও নিরাপদ স্থান হিসাবে গড়ে তোলার আহ্বানে সাড়া প্রদানে তাদের দৃঢ়তা এবং সহিষ্ণুতার জন্য ধন্যবাদ জানাই।"

নিউইয়র্কের অ্যাডজুটেন্ট জেনারেল মেজর জেনারেল রেমন্ড শিল্ডস বলেন, "আমাদের অঙ্গরাজ্য ও দেশকে সেবাদানকারী নিউইয়র্ক ন্যাশনাল গার্ডের পুরুষ ও নারীরা 75 বছর আগে ওমাহা ও উটাহ সৈকতে যেসব সেনা চড়াও হয়েছিলেন তাদের স্মরণ করে সবসময় অনুপ্রাণিত হন। বিশ্বকে নৃশংস একনায়কতন্ত্র থেকে রক্ষা করতে সেসময় যারা যুবা ছিলেন তারা সবকিছুর ঝুঁকি নিয়েছিলেন। আমাদের মধ্যে আজ যারা সেবা করছেন তারা তাদের পদাঙ্ক অনুসরণ করে গর্বিত।"

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে নিউইয়র্ক বন্দর থেকে 3 মিলিয়নেরও বেশি সামরিক সদস্য বিদেশ গমনের জন্য যাত্রা করেন। যারা সমস্ত আমেরিকানের অধিকার ও স্বাধীনতা রক্ষা ও নিরাপদ করার জন্য লড়াই করেছিলেন তাদের 900,000 এরও বেশি ছিলেন নিউইয়র্কবাসী। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কাল জুড়ে 43,000 এরও বেশি নিউইয়র্কবাসী আমাদের অঙ্গরাজ্য ও দেশের সেবায় চূড়ান্ত আত্মত্যাগ করেছিলেন।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের যোদ্ধাদের সেবাদানকারী বিভাগ

গভর্নর কুওমোর প্রশাসনের অধীনে নিউইয়র্ক অঙ্গরাজ্যের যোদ্ধাদের সেবাদানকারী বিভাগ নিউইয়র্কের যোদ্ধা এবং তাদের পরিবারবর্গের জন্য করমুক্ত ফেডারেল যোদ্ধা ভাতা (Veterans' benefit) থেকে 254 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ সংশ্লিষ্ট 27,000 এর বেশি দাবি নথিভুক্ত করেছে।

সক্রিয় কর্তব্য পালনকালে আহত যোদ্ধারা যেকোনো সময় অক্ষমতাজনিত ক্ষতিপূরণ হিসাবে দাবি পেশ করতে পারেন। কিছু অক্ষমতা অনুমান নির্ভরভাবে যুদ্ধাপরাধী হিসাবে যোদ্ধার পূর্ব মর্যাদার সঙ্গে সম্পর্কিত। যোদ্ধা, সামরিক সদস্য এবং তাদের পরিবারবর্গের জন্য সুবিধা ও সেবা সম্পর্কিত তথ্য এবং বিনামূল্যে সহায়তার জন্য অনুগ্রহ করে veterans.ny.gov দেখুন এবং যোদ্ধা সুবিধা

পরামর্শকের (Veterans Benefits Advisor) সাথে অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণের জন্য ৪৪৪-৪38-7697 নম্বরে কল করুন।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের ভেটেরান্স হোম

অঙ্গরাজ্যের ভেটেরান্স হোমগুলো উপযুক্ত যোদ্ধা এবং তাদের উপর নির্ভরশীল ব্যক্তিদেরকে দক্ষ নার্সিং পরিচর্যা এবং স্বল্পমেয়াদি পুনর্বাসন সেবা প্রদান করে। এই পরিচর্যা বাসিন্দা-কেন্দ্রিক এবং স্বতন্ত্র, যেখানে রয়েছে স্মৃতি পরিচর্যা, সামাজিক সেবা, বিনোদনমূলক কার্যক্রম, শারীরিক ও পেশাগত থেরাপি (occupational therapy) এবং অন্যান্য পুনর্বাসনমূলক সেবাসহ পরিপূর্ণ সহায়তা কর্মসূচি। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, আমাদের যোদ্ধাদের মহান প্রজন্মের জন্য স্বাধীনতা এবং ক্ষুদ্র কমিউনিটির সুবিধার পাশাপাশি গৃহের ন্যায় আরামদায়ক সেটিং রয়েছে। অঙ্গরাজ্যের ভেটেরান্স হোমগুলোতে মান সম্পন্ন জীবনযাপনের সুযোগ রয়েছে যেখানে গোপনীয়তার প্রতি জোর দেয়া হয়, স্বাধীনতাকে উৎসাহ দেয়া হয়, আরাম ও নিরাপত্তা প্রদান করা হয় এবং সেখানে অন্যান্য যোদ্ধা ও তাদের পরিবারবর্গের সঙ্গ পাওয়া যায়। স্বাস্থ্য বিভাগের পরিচালিত অঙ্গরাজ্যের ভেটেরান্স হোম সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এখানে এবং স্টোনি ব্রুক বিশ্ববিদ্যালয়ের লং আইল্যান্ড স্টেট ভেটেরান্স হোম সম্পর্কে তথ্য পাওয়া যাবে এখানে।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের সামরিক ইতিহাসের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন

ক্যাপিটলে অভ্যাগতরা ভিয়েতনাম স্মারক গ্যালারি পরিদর্শনে এবং এম্পায়ার স্টেট প্লাজা কমপ্লেক্স জুড়ে অবস্থিত আমাদের দেশকে সেবাদানকারীদের শ্রদ্ধা নিবেদন করে নির্মিত স্মৃতিসৌধের প্রতিও আগ্রহী হতে পারেন। গ্যালারি সম্পর্কিত তথ্য https://vietnamgallery.ogs.ny.gov/-এ এবং স্মৃতিসৌধ সম্পর্কিত তথ্য https://ogs.ny.gov/ESP/ct/memorials/-এ পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন